

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়

প্রশাসন-২ শাখা

[www.mor.gov.bd](http://www.mor.gov.bd)

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী ৩য় কোয়ার্টারের (জানুয়ারি-মার্চ ২০২১) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মো: সেলিম রেজা  
সচিব, রেলপথ মন্ত্রণালয়  
তারিখ : ১১.০৪.২০২১  
সময় : বেলা ১১.০০ টা।  
স্থান : জুম মিটিং, জুম প্লাটফর্ম।

০১। সভার উপস্থিতিঃ

সভায় রেলপথ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সকল সদস্য, শুদ্ধাচার ফোকাল পয়েন্ট এবং বিকল্প ফোকাল পয়েন্ট উপস্থিত ছিলেন। সভার উপস্থিতি পরিশিষ্ট-'ক'-তে উপস্থাপন করা হলো।

০২। সভার প্রারম্ভিক আলোচনা

সভাপতি উপস্থিত সকল অনুবিভাগ প্রধানকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন পর্যালোচনায় রেলপথ মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির কার্যক্রমের গুরুত্ব তুলে ধরেন। তিনি রেলপথ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে কোথাও কোনো প্রকার সমস্যা আছে কিনা, সমস্যা থাকলে আমাদের করণীয় কী সে বিষয়ে মতামত প্রদান ও আলোচনায় অংশগ্রহণের জন্য কমিটির সকলকে অনুরোধ করেন। সভাপতি শুদ্ধাচার কর্মকৌশল বাস্তবায়নে অগ্রগতি এবং সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত তথ্য-উপাত্ত উপস্থাপনের জন্য রেলপথ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট ও যুগ্মসচিব (প্রশাসন) কে আহ্বান জানান।


যুগ্মসচিব (প্রশাসন) সভাকে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় কোয়ার্টারের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সভায় তথ্য উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, তৃতীয় প্রান্তিকে রেলপথ মন্ত্রণালয়ের শুদ্ধাচার কর্মকৌশল বাস্তবায়ন কার্যক্রম পরিকল্পনামাফিক হচ্ছে। তবে কোভিড পরিস্থিতির কারণে ৪র্থ কোয়ার্টারে প্রশিক্ষণ, বিভিন্ন সভা আয়োজন ও উন্নয়ন প্রকল্প পরিদর্শন কার্যক্রম ব্যাহত হওয়ার আশংকা রয়েছে। তিনি সভায় অবহিত করেন যে, বঙ্গবন্ধু রেলসেতু প্রকল্পের কয়েকজন কর্মকর্তা বর্তমানে কোভিড আক্রান্ত থাকায় এই প্রকল্প বাস্তবায়নের কাজ বিঘ্নিত হচ্ছে। সভাপতি শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সকলকে সচেষ্ট থাকার পরামর্শ দেন। তিনি যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক প্রকল্প কার্যক্রম পরিদর্শন, সভা এবং প্রশিক্ষণসহ সকল কার্যক্রম কর্মপরিকল্পনা অনুযায়ী সম্পাদন করার বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

ক্র:নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	কর্মপরিকল্পনা অনুযায়ী কর্মকৌশল বাস্তবায়নঃ সভায় কোভিড পরিস্থিতির কারণে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে ২০২০-২১ অর্থবছরের সংশোধিত কর্মপরিকল্পনা অনুযায়ী জাতীয় শুদ্ধাচার কৌশলে অন্তর্ভুক্ত সকল কার্যক্রম বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করা হয়।	(১) যথাযথ স্বাস্থ্যবিধি মেনে ২০২০-২১ অর্থবছরের সংশোধিত কর্মপরিকল্পনা অনুযায়ী জাতীয় শুদ্ধাচার কৌশলে অন্তর্ভুক্ত কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।	(১) ডি জি, বাংলাদেশ রেলওয়ে। (২) অনুবিভাগ প্রধান (সকল) কর্মকর্তা, রেলপথ

ক্র:নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
			মন্ত্রণালয়। (৩) জি আই বি আর।
৩.২	উন্নয়ন প্রকল্প পরিদর্শন ও প্রতিবেদন প্রেরণঃ সভায় আলোচনা করা হয় যে, সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কর্তৃক রেলপথ মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্প পরিদর্শন করা হলেও প্রতিবেদন দাখিলে অনেক সময় বিলম্ব হয়। সভায় উন্নয়ন প্রকল্প কার্যক্রম পরিদর্শনের পর যথাশীঘ্র পরিদর্শন প্রতিবেদন দাখিল করার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়।	(১) রেলপথ মন্ত্রণালয়স্বতন্ত্র বিভিন্ন উন্নয়ন প্রকল্প পরিদর্শন শেষে অনতিবিলম্বে পরিদর্শন প্রতিবেদন দাখিল করতে হবে।	(১) ডি জি, বাংলাদেশ রেলওয়ে। (২) অনুবিভাগ প্রধান (সকল) কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়। (৩) জি আই বি আর।

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
 (মোঃ সেলিম রেজা)  
 সচিব  
 রেলপথ মন্ত্রণালয়।